

কুসুমের ঘুম নেই

বাড়ি ফেরার পথে বৃষ্টি নেমেছিল;

প্রবল বৃষ্টি...

সে'রাতে ফিরতে পারেনি

কলেজ পড়া মেয়ে

সে'রাতে আমাকে সব কিছু দিয়েছিল;

সব...

সে'রাতে জানতে চাইনি কতটা ইচ্ছা

কতটা অনিচ্ছা কাজ করেছিল;

জানতে চাইনি এখন কিভাবে টিকে আছে

দুধের বাচ্ছাটাকে নিয়ে

এখনও বাড়ি ফেরার পথে বৃষ্টি নামে;

প্রবল বৃষ্টি...।

সেই দিনটি

অনেক আশা নিয়ে আছি তোমার সঙ্গে গল্প করার

তাই, বুদ্ধমূর্তির নিচে দাঁড়িয়ে...

তুমি কি সুজাতা পায়স নিয়ে আসবে

আমার জন্য হে প্রেয়সী;

তুমি কি আড়াই হাজার বছরের পুরানো

সুজাতা হবে উর্মিমালা,

দেখা পাচ্ছি সেই দিনটি...

আমার মত করে আমি নারী কখনও দেখিনি;

দেখেছি তোমার মত করে...

বোধিবৃক্ষের নিচে দেখা হয় সেই প্রেম

সেই পবিত্রতা নিয়ে;

উর্মিমালা, অনেক গল্প করব ধ্যানস্থ হয়ে

তোমার গভীরে;

হারিয়ে যাবে শরীর শারীরিক।

সুমিত মোদক